



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

BANGLADESH OPEN UNIVERSITY

তথ্য ও গণসংযোগ বিভাগ

গাজীপুর-১৭০৫, ফোন-৯৯৬৬৯১১১৯

ই-মেইল : iprd@bou.ac.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ

শেখ হাসিনার বাংলাদেশ”



“বাউবির দীক্ষা : সবার জন্য উন্মুক্ত
কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা”

প্রেস রিলিজ

০১ জুন ২০২৩

বাউবিতে সিটিজেন চার্টার শীর্ষক কর্মশালা

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি) ও সেবা প্রদান কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটির যৌথ উদ্যোগে আয়োজিত “ সিটিজেন চার্টার: বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের সেবার মান উন্নয়ন শীর্ষক দিনব্যাপী এক কর্মশালা ০১ জুন ২০২৩ বৃহস্পতিবার গাজীপুরস্থ ক্যাম্পাসের বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা সম্মেলন ও প্রশিক্ষণ কেন্দ্রে অনুষ্ঠিত হয়। কর্মশালায় প্রধান অতিথি হিসেবে বাউবির মাননীয় উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার এবং বিশেষ অতিথি হিসেবে প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন ও ট্রেজারার মোস্তফা আজাদ কামাল ছিলেন।



কর্মশালায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখছেন বাউবির মাননীয় উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার

কর্মশালার রিসোর্স পার্সন বাউবির প্রো উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. নাসিম বানু এর সভাপতিত্বে বক্তব্য রাখেন বাউবির রেজিস্ট্রার ও এপিএ টিম লিডার ড. মহাঃ শফিকুল আলম এবং আইকিউএসি-এর পরিচালক অধ্যাপক মোঃ আনোয়ারুল ইসলাম।

কর্মশালায় সঞ্চালনা ও ধন্যবাদ জ্ঞাপন করেন আইকিউএসি'র অতিরিক্ত পরিচালক ড. সাদিয়া আফরোজ সুলতানা।

এ কর্মশালায় বিশ্ববিদ্যালয়ের সেবা প্রদান কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটির সদস্যগণ এবং বিভিন্ন স্তরের ১০৭ জন শিক্ষক ও কর্মকর্তা অংশ নেন।

স্বাক্ষর

(ড. আ.ফ.ম. মেজবাহ উদ্দিন)

পরিচালক (ভারপ্রাপ্ত)